FOUNDATION FOR ENVIRONMENTAL EDUCATION

FEE

# গ্লোবাল অ্যাকশন ডেইজ

২২ এপ্রিল - ৩ মে

## শিক্ষক সহায়িকা

GLOBAL ACTION DAYS 2024

Probha Aurora

ন্যাশনাল অপারেটর অফ FEE বাংলাদেশ

শিক্ষক সহায়িকার বাংলা অনুবাদ: প্রভা অরোরা

National Operator of FEE Bangladesh

Educator Supporting Notes, Translated by: Probha Aurora

## গ্লোবাল অ্যাকশন ডেইজ ২০২৪

**রেজিস্ট্রেশনের মাধ্যমে গ্লোবাল অ্যাকশন ডেইজে অংশগ্রহণ করার জন্য আপনাকে ধন্যবাদ।**

**এই তথ্যবহুল সহায়িকাটি প্রস্তুত করা হয়েছে আপনাকে গ্লোবাল অ্যাকশন ডেইজ (GADs) এর বিভিন্ন কাজ বাস্তবায়নে সহযোগিতা করার জন্য এবং জলবায়ু প্রস্তুতির উপর গুরুত্বারোপ করে টেকসই অভ্যাস গড়ে তোলার জন্য।**



এই সহায়িকাটিতে শিক্ষার্থীদের উদ্দেশ্যে গ্লোবাল অ্যাকশন ডেইজ (GADs) কার্যক্রমের পরিবেশগত থিমগুলোর সাথে পরিচিত করানোর জন্য প্রয়োজনীয় লিঙ্ক সরবরাহ করা হয়েছে এবং গ্লোবাল অ্যাকশন ডেইজ শেষ হওয়ার পরবর্তী কার্যক্রমসমূহের ধারণা প্রদান করা হয়েছে।

১০ দিনব্যাপী এই প্রচারাভিযানে অংশগ্রহণকারীরা প্রাসঙ্গিক যেকোন পাঁচটি (৫টি) গ্লোবাল অ্যাকশন কার্যক্রম সম্পাদন করতে পারবেন। প্রতিটি কার্যক্রম সর্বজনগৃহীত এবং সহজবোধ্য হবে প্রাথমিক স্কুলের শিক্ষার্থীদের জন্য। শিক্ষার ধাপ এবং স্তর অনুযায়ী কার্যক্রমের ব্যাপকতা ও বহুমুখিতা উত্তরোত্তর বৃদ্ধি পাবে। সমস্ত কার্যক্রম শ্রেণীকক্ষে বা শিক্ষা প্রতিষ্ঠানের মাঠেও করা যেতে পারে।. পরিবেশগত শিক্ষায় আপনার শিক্ষার্থীদের পরিবারকে নিযুক্ত করতে সহযোগিতা করার জন্য প্রতিটি কাজকে বাড়ির কাজ (হোমওয়ার্ক) হিসেবেও দেওয়া যেতে পারে।






# টাস্ক ১: বায়োইকোনমি এর মাধ্যমে জলবায়ু প্রস্তুতি

## ভূমিকা

জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (FAO) এর সংজ্ঞানুসারে, "বায়োইকোনমি হলো জৈব সম্পদের উৎপাদন, ব্যবহার এবং সংরক্ষণ, যার মধ্যে রয়েছে অর্থনৈতিক খাতের টেকসই উন্নয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট জ্ঞান, বিজ্ঞান, প্রযুক্তি এবং উদ্ভাবন, যাতে তথ্য, পণ্য, প্রক্রিয়া এবং পরিষেবা সরবরাহ করা যায়।"

ইউরোপীয় ইউনিয়ন (EU) এর সংজ্ঞানুসারে, "ভূমি এবং সমুদ্র থেকে নবায়নযোগ্য জৈব সম্পদ যেমন শস্য, বন, মাছ, প্রাণী ও অণুজীব ব্যবহার করে খাদ্য, বস্তু এবং শক্তি উৎপাদন করা-ই হলো বায়োইকোনমি।"

প্রকৃতপক্ষে, 'বায়োইকোনমি' একটি নতুন শব্দ, এবং এর কোনো আন্তর্জাতিক সংজ্ঞা বা চুক্তি নেই। যখন আমরা বায়োইকোনমির কথা চিন্তা করি, তখন আমরা একটি টেকসই অর্থনীতি তৈরি করার কথা ভাবতে পারি, যা পরিবেশের বিভিন্ন উপকরণের নবায়নযোগ্যতা, পুনঃব্যবহার এবং চক্রাকার বর্জ্য হ্রাসের উপর ভিত্তি করে গড়ে উঠেছে।

নিম্নলিখিত ভিডিওগুলো বায়োইকোনমি সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা প্রদান করে:
The Bioeconomy starts here! (2 min.)
Bioeconomy - What is that? (3 min.)

## কার্যক্রম

আপনাদের দৈনন্দিন জীবনে ব্যবহৃত পণ্যগুলো পর্যবেক্ষণ করে নিম্নলিখিত প্রশ্নগুলো সম্পর্কে চিন্তা করার পরামর্শ দিচ্ছি:

- এমন কোন পণ্য আছে কিনা যা বায়োইকোনমির একটি অংশ যেমন নবায়নযোগ্য উপকরণ থেকে তৈরি পোশাক বা আসবাবপত্র?
- তাছাড়া আপনি প্লাস্টিক এবং অন্যান্য অ-নবায়নযোগ্য উৎস থেকে তৈরি পণ্যগুলোও দেখতে পারেন এবং নবায়নযোগ্য উপকরণ দিয়ে এই পণ্যগুলো উৎপাদন করা যায় কি না ভেবে দেখতে পারেন?

স্বতন্ত্রভাবে বা সম্মিলিতভাবে কাজটি সম্পূর্ণ করে আপনি যে পণ্যগুলো পেয়েছেন তার ছবি তুলুন বা ভিডিও করুন এবং উক্ত উৎপন্ন পণ্যগুলোর পরিবেশ-বান্ধব বিকল্প ব্যবহার সম্পর্কে আপনার ধারণা যোগ করুন এবং তারপর #MyActionsMatter #GlobalActionDays এবং #GreeningEducation ব্যবহার করে সোশ্যাল মিডিয়াতে পোস্ট / শেয়ার করুন।

# টাস্ক ২: খাদ্যের মাধ্যমে জলবায়ু প্রস্তুতি



## ভূমিকা

PLANT'EAT নামক একটি ইউরোপীয় ইউনিয়ন (EU) এর গবেষণা প্রকল্পের সাথে FEE জড়িত, যার লক্ষ্য হল:

- কীভাবে পরিবেশগত, সামাজিক, সাংস্কৃতিক এবং স্বতন্ত্র কারণগুলো মানুষের খাদ্যাভ্যাসকে প্রভাবিত করে সে সম্পর্কে আরও ভালোভাবে ধারণা দেওয়া;
- কিভাবে ফলপ্রসূ সুপারিশ, বিকল্প খাদ্য গ্রহণ স্বাস্থ্যকর এবং আরও টেকসই খাদ্যাভ্যাস এর দিকে ধাবিত করে তা সম্পর্কে ধারণা দেওয়া।

এই গবেষণার অংশ হিসাবে FEE একাডেমি অনুশীলনকারীদের জন্য একটি শিক্ষা টুলবক্স তৈরি করছে, যা শিশু এবং তাদের পরিবারের সদস্যদের অবহিত করবে টেকসই খাদ্যাভ্যাস করতে এবং এই অভ্যাসগুলোকে আরও ভালোভাবে পরিচালনা করতে। এছাড়াও সহজে বোঝার জন্য উদ্যোগটিতে একটি পুষ্টিভিত্তিক খাদ্যতালিকার নির্দেশিকা যোগ করা হয়েছে।

## কার্যক্রম

এডিবল স্কুলইয়ার্ড সম্পর্কে পাঠদান (অর্গানিক স্কুল বাগান, রান্নাঘর, এবং ক্যাফেটেরিয়া)

ফুড এডুকেটরস সম্পর্কে পাঠদান (খাদ্য ব্যবস্থা, টেকসই কৃষি, স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস)

নোরিশ লাইফ থেকে পাঠ্যক্রম (এতে রয়েছে নির্দেশিকা, সাতটি শিক্ষন কার্যক্রম, শিক্ষার্থীদের জন্য হ্যান্ডআউট, বিবলিওগ্রাফি এবং গ্লোসারি)

উই ইট রেস্পন্সিব্লি থেকে আরও কিছু ম্যাটেরিয়াল

ইউফিক এর পক্ষ থেকে প্ল্যান্ট বেজড ফুড ফ্যাক্টশিট

ইউফিক এর পক্ষ থেকে মাইক্রনিউট্রিয়েন্ট কুইজ




# টাস্ক ৩: সার্কুলার ইকোনমি'র মাধ্যমে জলবায়ু প্রস্তুতি

## ভূমিকা

লিটার লেস ক্যাম্পেইন/প্রচারাভিযান (LLC) হল FEE এবং Mars Wrigley Foundation-এর একটি যৌথ উদ্যোগ। প্রচারাভিযানটির কার্যক্রম ২০১১ সাল থেকে চালু রয়েছে, যার লক্ষ্য হল বর্জ্য ব্যবস্থাপনার বিষয়ে শিক্ষার্থীদের নিযুক্ত করা এবং শিক্ষা প্রদান করা সেই সাথে তাদের উৎসাহিত করা যাতে করে পরিবেশের উপর তাদের নেতিবাচক প্রভাব কম পড়ে এবং প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ সম্ভব হয়। শিক্ষার্থীরা যেন বর্জ্য কমানোর উপায় সম্পর্কে অবহিত হয়ে এই ব্যাপারে সচেতন হয় যে প্রাকৃতিক সম্পদ সংরক্ষণের মাধ্যমে তারাও জলবায়ু পরিবর্তনকে প্রশমিত করতে সহায়তা করতে পারে সে বিষয়ে আমরা সচেষ্ট হবো।

## কার্যক্রম

রিসোর্স ম্যানেজমেন্টের সাথে সম্পৃক্ত ক্রিয়াকলাপের জন্য অতিরিক্ত তথ্য পাওয়া যেতে পারে লিটারলেস বেস্ট প্র্যাক্টিস প্রকল্প গাইডসমূহে যেমন 'টার্নিং স্কুলস সার্কুলার': টার্নিং স্কুলস সার্কুলার ইকো - ইকোস্কুলস আডভান্সিং সার্কুলার ইকোনমি তে যা গ্লোবাল অ্যাকশন ডেইজ- এ অংশ নেওয়ার পরবর্তীতেও সম্পন্ন করা যেতে পারে।

আরও দেখুন এই বছরের বিজয়ী লিটারলেস লেসন্স প্ল্যান এবং প্রকল্পসমূহ: https://www.fee.global/litterlessplus-lesson-plan-competition

# টাস্ক ৪: পরিবর্তনশীল আবহাওয়ায় জলবায়ু প্রস্তুতি



## ভূমিকা

জলবায়ু পরিবর্তন সারা বিশ্বে মানুষের জীবনের প্রতিটি দিককে প্রভাবিত করছে এবং মানুষ ও তাদের জীবিকার জন্য ক্রমবর্ধমান হুমকি সৃষ্টি করছে। শিক্ষার্থীরা যেখানেই অবস্থান করুক না কেন জলবায়ু পরিবর্তনের প্রভাবগুলো প্রশমিত করার জন্য তাদের জ্ঞান, দক্ষতা, মনোভাব এবং প্রত্যাশিত আচরণসহ প্রস্তুত করা বেশ গুরুত্বপূর্ণ এবং জটিল। দ্য ফাউন্ডেশন ফর এনভায়রনমেন্টাল এডুকেশন (FEE) হল গ্রিনিং এডুকেশন পার্টনারশিপের অন্যতম সদস্য এবং পিলার ওয়ান অন গ্রিনিং স্কুলের কো-অর্ডিনেটর, যার লক্ষ্য প্রত্যেক শিক্ষার্থীকে জলবায়ু বিষয়ক সামগ্রিক দিক সম্পর্কে প্রস্তুত এবং সচেতন করে তোলা ।

## কার্যক্রম

গ্লোবাল অ্যাকশন ডেইজ (GADs) এর আবহাওয়া পর্যালোচনার সময় আপনার খুঁজে পাওয়া তথ্যের উপর নির্ভর করে সংশ্লিষ্ট বিভিন্ন প্রকল্প রয়েছে যেগুলো আপনি চেষ্টা করতে পারেন । এখানে বিশ্বের অন্যান্য ইকো-স্কুল থেকে অভিযোজন এবং জলবায়ু সহনশীলতার উপর বিভিন্ন কেস স্টাডিসহ আলাদা একটি অংশ রয়েছে। গ্রীনিং এডুকেশন পার্টনারশিপ (GEP) আপনার শিক্ষা প্রতিষ্ঠানের জন্য কী বোঝায় সে সম্পর্কে বিস্তারিত জানুন: Greening Education Partnership.



# টাস্ক ৫: বাস্তুতন্ত্র পুনরুদ্ধারের মাধ্যমে জলবায়ু প্রস্তুতি

## ভূমিকা

দ্য ফাউন্ডেশন ফর এনভায়রনমেন্টাল এডুকেশন (FEE) হলো শিক্ষা ব্যবস্থা পুনরুদ্ধার চ্যালেঞ্জের কো-লিডিং পার্টনার, যার লক্ষ্য বাস্তুতন্ত্র সংরক্ষণের জন্য বৈশ্বিক শিক্ষা ব্যবস্থায় বাস্তুতন্ত্র (Ecosystem) পুনরুদ্ধারকে জাতিসংঘের দশকের অংশ হিসাবে ২০৩০ সালের মধ্যে একীভূত করা। এই চ্যালেঞ্জের জন্য আমাদের কাজের অংশ হল পর্যবেক্ষণ করা এবং নতুন রিসোর্স  তৈরি করা যেন শিক্ষাবিদরা তাদের শিক্ষার অনুশীলনে ইকোসিস্টেম পুনরুদ্ধারের তত্ত্ব সংযুক্ত করতে পারে।

অনেক পাখির প্রজাতি ফ্লাইওয়ে নামে পরিচিত বিস্তৃত, সু-প্রতিষ্ঠিত পথ ধরে স্থানান্তরিত হয় বা স্থান পরিবর্তন করে। দুর্ভাগ্যবশত, আবাসস্থলের ক্ষতি এবং অবক্ষয়, অবৈধ এবং অপরিকল্পিত শিকার, অবকাঠামোগত উন্নয়ন, জলবায়ু পরিবর্তন এবং রোগসহ বিভিন্ন কারণে বিশ্বের অনেক পরিযায়ী প্রজাতি হ্রাস পাচ্ছে। বার্ড লাইফ ইন্টারন্যাশনালের সহায়তায় এই গ্লোবাল অ্যাকশন ডেইজ চ্যালেঞ্জের লক্ষ্য হল- পরিযায়ী পাখিদের জন্য উড়াল পথের যাত্রায় বাসস্থানের পরিবেশ, আন্তর্জাতিক সম্প্রদায়ের সাথে সম্পর্ক, পরিবেশ সংরক্ষণ ইত্যাদি বিষয়গুলো সূচক হিসেবে কতটা গুরুত্বপূর্ণ তা তুলে ধরা।

## কার্যক্রম

আপনি যদি এই কাজটি উপভোগ করেন এবং শিক্ষার্থীরা যদি তাদের স্থানীয় পাখির প্রজাতি এবং তাদের বিশ্বব্যাপী মাইগ্রেশন ফ্লাইওয়ে সম্পর্কে আরও জানতে আগ্রহী হন তাহলে বার্ডলাইফ ইন্টারন্যাশনাল ওয়েবসাইট ভিজিট করুন: https://www.birdlife.org/globalflyways/ .

আরও পদক্ষেপের জন্য, ১৩ মে ২০২৪-এ বিশ্ব পরিযায়ী পাখি দিবস উদযাপনের জন্য 'গ্লোবাল বিগ ডে' বা পাখিদের কেন্দ্র করে অনুষ্ঠিত বার্ষিক উদযাপনে অংশ নিতে পারেন এবং আপনি যে পাখিগুলোকে  খুঁজে পান সেগুলোকে  ইবার্ড- এর সাথে শেয়ার করা চালিয়ে যেতে পারেন।

# বছরব্যাপি জলবায়ু প্রস্তুতি

দ্য ইয়াং রিপোর্টার্স ফর দ্য এনভায়রনমেন্ট (YRE) অন্যতম একটি উদ্যোগ, যা ইউনেস্কোর গ্রিনিং এডুকেশন পার্টনারশিপকে (GEP) সমর্থন করে। এর লক্ষ্য হল প্রথাগত শিক্ষা ব্যবস্থার বাইরে প্রাপ্তবয়স্কদের জন্য দক্ষতা, মনোভাব এবং কর্মক্ষমতা বিকাশের সুযোগ করে দেওয়া, যা জলবায়ু পরিবর্তন প্রেক্ষাপটে নির্দিষ্ট জনগোষ্ঠীর টিকে থাকার সক্ষমতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করবে। এক্ষেত্রে মিডিয়ার সাথে আপনার শিক্ষার্থীদের কাজের অভিজ্ঞতা বিনিময় করতে পারেন। জলবায়ু পরিবর্তন মোকাবেলায় নির্দিষ্ট জনগোষ্ঠীর টিকে থাকার জন্য প্রোগ্রামের প্রভাব সম্পর্কে স্থানীয় নীতিনির্ধারকদের মধ্যে সচেতনতা বাড়ানো যেতে পারে।

পরিশেষে, কতজন অংশগ্রহণকারী অংশ নিয়েছে এবং কতগুলো কাজ হয়েছে, তা আমাদের জানাতে কাজগুলো শেষ করার পরে আমাদের GADs সমীক্ষা সম্পূর্ণ করতে ভুলবেন না।

সমীক্ষা বা জরিপ জমা দেওয়ার পরে আপনি আপনার অংশগ্রহণের প্রশংসাপত্র পাবেন।



এখানে স্ক্যান করুন

#MyActionsMatter
#GlobalActionDays
#GreeningEducation

Eco-Schools Bangladesh

Young Reporters for the environment BANGLADESH

LEARNING ABOUT FORESTS

দ্য ফাউন্ডেশন ফর এনভায়রনমেন্টাল এডুকেশন (FEE) হল গ্রিনিং এডুকেশন পার্টনারশিপ (GEP) এর অন্যতম সদস্য এবং গ্রিনিং স্কুল পিলার এক (১)-এর কো-অর্ডিনেটর। GEP-এর প্রতি আমাদের প্রতিশ্রুতির অংশ হিসেবে, FEE-তে আমরা আমাদের বার্ষিক গ্লোবাল অ্যাকশন ডেইজ ক্যাম্পেইনের মাধ্যমে দৃঢ়, সমন্বিত এবং কার্যকরী পদক্ষেপগুলো গ্রহণের জন্য নিবেদিত, যা প্রতিটি শিক্ষার্থীকে জলবায়ু পরিবর্তন মোকাবেলায় জ্ঞান, দক্ষতা, মূল্যবোধ এবং ধারণা অর্জন করতে প্রস্তুত করবে এবং টেকসই উন্নয়ন প্রচার করবে। আসুন পরবর্তী প্রজন্মের পরিবেশ নেতৃত্বদানকারীদের অনুপ্রাণিত করতে আমরা একত্রিত ও প্রতিশ্রুতিবদ্ধ হয়ে উঠি।

গ্রিনিং এডুকেশন পার্টনারশিপ একটি স্বাধীন এবং অন্তর্ভুক্তিমূলক শিক্ষা অনুশীলনের মাধ্যম, যা জলবায়ু পরিবর্তন মোকাবেলা নিয়ে কাজ করে থাকে। অন্যান্যদের মধ্যে এটি জাতীয় সরকার, আন্তঃসরকারী সংস্থা, যুব সংগঠন, পরিবেশবাদী ও সামাজিক প্রতিষ্ঠান এবং বেসরকারি খাত দ্বারা পরিচালিত হয়। এর সচিবালয়টি প্যারিসে ইউনেস্কোর সদর দপ্তরের মাধ্যমে পরিচালিত হয়। আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে যোগাযোগ করুন: gep@unesco.org

Greening Education Partnership
Getting every learner climate-ready